[illegible] ১৯৩০ [illegible] অনুসারে ৩২১, ৩২২ ধারা [illegible] করেন সদয় অনুমোদন দিয়াছেন।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবদুর রাজ্জাক
সহকারী সচিব।

শাখা নং ১০

বিজ্ঞপ্তি

তারিখ : ২৮শে ডিসেম্বর ১৯৯২

নং ভূঃমঃ/শা-১০/হুকুম/জিএ-১৮/৮২/৮৪১-এলুইন—কতিপয় জেলায় ভূমি হুকুম দখল কার্যক্রমের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ) এর পদ রহিয়াছে বিবেচনায় সরকার বাংলাদেশ গেজেটের ১ম খন্ডে ১৮-১০-১৯৮৪ ইং তারিখের সংখ্যায় প্রকাশিত জেলা ভূমি বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি নং ভিএ-২৮/৮২/৫৬২-এলুইন, তারিখ ২৬-৯-১৯৮৪ ইং এর নিম্নে উল্লেখিত মর্মে আংশিক সংশোধন করিলেন :—

> "যে সকল জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ) পদ রহিয়াছে সেই সকল জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর পরিবর্তে অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ) জেলা ভূমি বরাদ্দ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করিবেন।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
আমিনুল ইসলাম
সচিব।

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক ও সড়ক পরিবহন বিভাগ

উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৭ই পৌষ ১৩৯৯/২১শে ডিসেম্বর ১৯৯২

নং উন্নয়ন-১/বিবিধ-৮/৮৭-৭৪৮—সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বর্তমান দর কমিটিকে আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হইল :—

চেয়ারম্যান

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর), সড়ক ও সেতু, ঢাকা।

সদস্যবৃন্দ

২। সংশ্লিষ্ট (জোনের) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেকানিক্যাল উইং), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৪। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৫। উর্ধ্বতন অর্থনীতিবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৬। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নিম্নে নয়) পদ মর্যাদার একজন প্রতিনিধি।

সদস্য-সচিব

[illegible] প্রকৌশলী, [illegible] সার্কেল, সড়ক ও সেতু [illegible] সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

২। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের কনসালট্যান্ট ও ঠিকাদার (আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে নিয়োগকৃত) নির্বাচনের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বি. আর. টি. সি (BRTC) এবং বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন করিয়া বিশেষজ্ঞ সদস্য আবশ্যকভাবে কো-অপ্ট করিবেন। বিশেষজ্ঞ সদস্যগণকে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় সম্মানী প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

৪। এতদসংগে অত্র বিভাগের ০২-১১-৯১ ইং তারিখের প্রজ্ঞাপন নং উন্নয়ন-১/বিবিধ-৮/৮৭-৫৮১ বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ ফারুক আজম
সহকারী সচিব।

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই ডিসেম্বর ১৯৯২

নং শিম/শাঃ ৫/নিয়োগ-১/৯২/৫৬৪—দি ইস্ট পাকিস্তান টেকনিক্যাল এডুকেশন এ্যাক্ট, ১৯৬৭ এর ১০(১) ধারার ক্ষমতাবলে উক্ত এ্যাক্টের ৪(১) ধারা মোতাবেক অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং শিম/কারি/বিবিধ-২১/৯১/৫৩০, তারিখ ০১-১২-১৯৯১ এর মাধ্যমে ৪ জন শিক্ষানুরাগী ব্যক্তিকে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের সদস্য নিয়োগ করা হয়। কিন্তু উক্ত প্রজ্ঞাপনের মাধ্যমে নিয়োগকৃত ৩ নং ক্রমিকের জনাব আবদুস সাত্তার আকস্মিকভাবে ৪-১-১৯৯২ তারিখে মৃত্যুবরণ করায় উক্ত পদে সরকার উল্লিখিত ধারা অনুসারে ও অবশিষ্ট সময়কালের জন্য কারিগরী শিক্ষা অধিদপ্তরের প্রাক্তন পরিচালক জনাব মোঃ শাহজাহানকে শিক্ষানুরাগী সদস্য, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, মনোনয়ন করিতে সরকার সম্মত হইয়াছেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবু রাশেদ খান
সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ই ডিসেম্বর ১৯৯২

নং শা-৬/১/৮৯/৪৬১-শিক্ষা—২৩-৮-৯২ ইং তারিখে অনুষ্ঠিত পথকলি ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক "পথকলি ট্রাস্ট" এর নাম পরিবর্তন করিয়া "শিশু কল্যাণ ট্রাস্ট" নামকরণ করা হইল।

২। "শিশু কল্যাণ ট্রাস্ট" নামকরণের ফলে "পথকলি ট্রাস্ট" সংক্রান্ত পূর্বতন সিদ্ধান্ত নং শা-১/৯-১/৮১/৮৭৫-শিক্ষা, তারিখ ১০ই নভেম্বর, ১৯৮১ (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৩ই নভেম্বর, ১৯৮১ ইং তারিখে প্রকাশিত) এর বিভিন্ন অনুচ্ছেদে নাম পরিবর্তন সংক্রান্ত বিধান সংশোধিত করিয়া পরিশোধিত হইবে।

৩। এই সিদ্ধান্ত ২২শে ভাদ্র, ১৩৯৯/৬ই সেপ্টেম্বর, ১৯৯২ ইং হইতে কার্যকর হইবে।